



বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইট: www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

গত ২৪ জানুয়ারী ২০২৩ ইং তারিখে এমভি শাহজালাল এক্সপ্রেস নামক একটি কার্গো জাহাজ এইচ- ৯ এ নোঙ্গরত MV.VITA OLYMPIC জাহাজ থেকে ৫০০ মে: টন এমওপি সার বোঝাই করে মোংলার দিকে আসার পথে রাত্র আনুমানিক ২৩৩০ ঘটিকায় হারবারিয়া ৮ এ নোঙ্গর করা MV.SUPREME VALOR এর সাথে ধাক্কা খেয়ে ডুবে যায়। লাইটারেজ জাহাজে থাকা ৮ জন নাবিকের মধ্যে ১ জন কে বিদেশগামী জাহাজ MV.CETUS উদ্ধার করে, বাকি ৭ জনকে এম ভি নয়ন শয়ন লাইটার জাহাজ উদ্ধার করে। মোংলা বন্দরের ডেপুটি হারবার মাস্টার ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করেন। ডুবো জাহাজটি চ্যানেলের পূর্ব পাশে হওয়ায় বর্তমানে চ্যানেলটি বাণিজ্যিক জাহাজ চলাচল সম্পূর্ণ নিরাপদ। ইতোমধ্যে ডুবো জাহাজটি চিহ্নিত ও নিরাপদে জাহাজ চলাচলের জন্য উক্ত স্থানে একটি বিশেষ বয়া স্থাপন করা হয়। ডুবে যাওয়া কার্গো জাহাজটিকে উদ্ধার এর জন্য স্যালভেজের কার্যক্রম চলমান এবং অতিদ্রুত চ্যানেল থেকে কার্গো জাহাজটিকে অপসারণ করা হবে। বন্দরের হারবারিয়াস্ ভিটিএমআইএস এর মাধ্যমে সার্বক্ষণিক ডুবে যাওয়া জাহাজের অবস্থান তদারকি করা হচ্ছে।

স্বাক্ষরিত/-
মোঃ মাকরুজ্জামান
উপসচিব